### পাঠ্যপুস্তক কেলেংকারি

# ছাত্রদলের উদ্যোগে কাল সারাদেশে বিক্ষোভ মিছিল

**স্টাফ রিপোর্টার ঃ** প্রাথমিক ও মাধ্যমিক স্তরে পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের উদ্যোগে আগামীকাল (মঙ্গলবার) রাজধানীর মুক্তাঙ্গনে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে। এই কর্মসূচী দেশের সকল জেলা, থানা ও শিক্ষা প্রতিষ্ঠানে পালিত হবে। এছাড়া ছাত্রদল কেন্দ্রীয় সংসদ বিভিন্ন ইস্যুতে কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে– আগামী ১১ জানুয়ারী পল্টন ময়দানে বিএনপির সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় সংসদসহ ঢাকাস্থ সকল ইউনিটের যোগদান, ১৯

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ছাত্রদলের বিক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

জানুয়ারী সকাল ৮টায় স্বাধীনতার মহান ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে মাজার জিয়ারত এবং ১৮ জানুয়ারী এ উপলক্ষ্যে সকাল ১০টায় মুক্তাঙ্গন থেকে বর্ণাঢ্য র‍্যালি। ছাত্রদল সভাপতি নাসির উদ্দির আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু উক্ত কর্মসূচীসমূহ সফল করার জন্য দলীয় নেতাকর্মীদের প্রতি আহবান জানিয়েছেন।